

গণস্বাস্থ্য মেডিকেল কলেজ
শিক্ষার্থী-পুলিশ সংঘর্ষে
আহত ২৫, আটক ২০

■ নিম্নের প্রতিবেদক সত্যায়িত
সত্যায়িত গণস্বাস্থ্য সমাজতান্ত্রিক
মেডিকেল কলেজ ও হাসপাতালের

কার্মাসি বিভাগের শিক্ষার্থী ও ইন্টার্নি
চিকিৎসকদের সঙ্গে পুলিশের সংঘর্ষ ও
ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে।
এতে কমপক্ষে ২৫ জন আহত
হয়েছে। ঘটনাস্থল থেকে পুলিশ ২০
জনকে আটক করেছে। সহকারী
রেজিস্ট্রার (মেডিসিন) চিকিৎসক
মাক্দুসুর রহমান মুরাদের মৃত্যুকে
কেন্দ্র করে গতকাল মঙ্গলবার সকালে
এ ঘটনা ঘটে।

পুলিশ জানায়, গণস্বাস্থ্য কেন্দ্রের
চিকিৎসক ও শিক্ষক ডা. মুরাদ গত
বৃহস্পতিবার পটুয়াখালীর গলাচিপায়
চি চিকিৎসাসেবা দিতে গিয়ে
রহস্যজনকভাবে নিখোজ হন। দু'দিন
পর একটি পুকুর থেকে তার মরদেহ
উদ্ধার করে গলাচিপা থানা পুলিশ।

গণস্বাস্থ্য কেন্দ্রের শিক্ষার্থীদের
মধ্যে এ খবর ছড়িয়ে পড়লে শিক্ষক
হত্যার বিচারের দাবি জানিয়ে গত
সোমবার হাসপাতালে ব্যাপক ভাংচুর
ও জামবাবপত্রে অগ্নিসংযোগ করে
তারা। এ ভাংচুর ও পুটপাটের
ঘটনায় প্রশাসনিক কর্মকর্তা আব্দু
তাহের বাদী হয়ে জাওপিয়া থানায়
একটি মামলা দায়ের করেন।

এরই জের ধরে কিছুক শিক্ষার্থীরা
গতকাল মঙ্গলবার সকালে ঢাকা-আরিচা
মহাসড়ক অধিব্রহ্মণ করে বিক্ষোভ করতে
চাইলে পুলিশ তাদের বাধা দেয়। এ
সময় পুলিশের সঙ্গে তাদের ধাওয়া-
পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে।